# মডিউল-১৪

**কোর্সকোড- BENG-H-CC-T-2**

**কোর্স নাম -কোর্স নাম : বাংলা সাহিত্যের ইতিহাস ও বাংলা ভাষাতত্ত্ব (দ্বিতীয় ভাগ)**

**মিলন মণ্ডল**

সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ

এস. আর. ফতেপুরিয়া কলেজ, বেলডাঙ্গ।

## পর্ব-৩: ‘বরেন্দ্রী উপভাষা’

**বিন্যাস ক্রম -**

**১৪.১-উদ্দেশ্য**
**১৪.২-প্রস্তাবনা**
**১৪.৩-বরেন্দ্রী উপভাষার বৈশিষ্ট্য।**
**১৪.৪-সহায়ক গ্রন্থাবলী।**
**১৪.৫- আদর্শ প্রশ্নাবলী।**
**১৪.৬- উত্তর সংকেত।**

### ১৪.১-উদ্দেশ্য:

- বরেন্দ্রী উপভাষার অঞ্চল ও এই ভাষার বৈশিষ্ট্য সম্পর্কে সম্যক ধারণা প্রদান করা।

### ১৪.২-প্রস্তাবনা

বাংলা উপভাষার অন্যতম একটি গুরুত্বপূর্ণ উপভাষা হল বরেন্দ্রী উপভাষা। এই উপভাষা প্রধানত মালদহ, দিনাজপুর এবং বাংলাদেশের রাজশাহী, পাবনা, বগুড়া জেলার লোকমুখে প্রচলিত রয়েছে। এই ভাষায় বরেন্দ্রী উপভাষা নামে পরিচিত। এই ভাষার মধ্যে বিহারী উপভাষার কিছুটা প্রভাব লক্ষ্য করা যায়। মূলত মৌখিক ভাষার কারণেই এই প্রভাব পড়েছে।

### ১৪.৩-বরেন্দ্রী উপভাষার বৈশিষ্ট্য:

**(ক) ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য:**

১. বরেন্দ্রী উপভাষায় ঠিক রাঢ়ীমতোই আনুনাসিক স্বরধ্বনি আছে। যেমন: কাঁটা, চাঁদ, পেঁচা।

২. বরেন্দ্রী উপভাষায় স্বরধ্বনি প্রায় অপরিবর্তিত থাকে । তবে এ >অ্যা হয়। যেমন: দ্যান, দ্যাক।

৩. বরেন্দ্রী উপভাষায় কেবলমাত্র শব্দের আদিতে সঘোষ মহাপ্রাণ ধ্বনি থাকে। শব্দের মধ্যে ও শেষে থাকলে সেগুলি  অল্পপ্রাণ হয়ে যায় । যেমন:বাঘ>বাগ ।

৪. বরেন্দ্রী উপভাষায় বঙ্গালীর মতো জ >জ রূপে উচ্চারিত হয় । যেমন: কাগজ >  খাগজ।

৫. বরেন্দ্রী উপভাষায় শ্বাসাঘাতের কোনো নির্দিষ্ট স্থান নেই।

**(খ) রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য:**

১. বরেন্দ্রী উপভাষায় অধিকরণ কারকে ‘ত’ বিভক্তি প্রয়োগ দেখা যায়। যেমন: বাড়িতে > বাড়িত।

২. বরেন্দ্রী উপভাষায় অতীত কালের উত্তম পুরুষে ‘লাম’; ভবিষ্যৎ কালের উত্তম পুরুষে ‘মু’, ‘ম’ বিভক্তি দেখা যায়। যেমন- ‘মুই নারী ক্যামনে দিম পারি রে।

৩.  বরেন্দ্রী উপভাষায় কতৃ কারকের বহুবচনে ‘গুলি’,’গিলা’, এবং অন্য কারকের বহুবচনে ‘দের’ বিভক্তি দেখা যায়। যেমন- বান্দরগিলা, মাইয়াদের।

৪. বরেন্দ্রী উপভাষায় গৌণ কর্মে ‘কে’, ‘ক’ বিভক্তি দেখা যায়। যেমন- হামাক দাও।

## ১৪.৪ . সহায়ক গ্রন্থাবলী:

ক. সুনিতিকুমার চট্টোপাধ্যায় : ভাষা প্রকাশ বাংলা ব্যাকরণ

খ. সুকুমার সেন : ভাষার ইতিবৃত্ত

গ. ড. রামেশ্বর শ: সাধারণ ভাষা বিজ্ঞান ও বাংলা ভাষা

ঘ. সুখেন বিশ্বাস: প্রসঙ্গ বাংলা ভাষা (১ম ও ২য় খণ্ড)

## ১৪.৫. আদর্শ প্রশ্নাবলী

ক. বরেন্দ্রী উপভাষা বলতে কি বোঝ? এই উপভাষার এলাকা গুলি উল্লেখকরে ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি আলোচনা কর ।

## ১৪.৬. উত্তর সংকেত

ক. ১৪.২ অংশ দেখুন।